

## মানি লভারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৮

তারিখ : ২১ আগস্ট, ১৪১৮  
০৫ জুলাই, ২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কর্মরত সকল বীমা কোম্পানী

### Guidance Notes on AML&CFT for Insurance Companies

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(ঠ) ধারার বিধান মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল বীমা কোম্পানীকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ধারা ২৫ এ রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্বের উল্লেখ রয়েছে। উক্ত আইনের ২৩ (১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গত ১০ আগস্ট, ২০০৮ তারিখে অন্ত বিভাগের এএমএল সার্কুলার নম্বর ১৮ মারফত মানিলভারিং প্রতিরোধে বীমা কোম্পানীসমূহের পরিপালনায় নির্দেশনা প্রদান করা হয়।

০২। গত ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বীমা কোম্পানীসমূহের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের প্রথম সম্মেলনের সিদ্ধান্ত মোতাবেক মানিলভারিং এবং সন্তাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা জোরাবরকরণের লক্ষ্যে একটি গাইডেন্স নোটস্ প্রণয়নের নিমিত্তে তৎকালীন বীমা নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী, বাংলাদেশ ইনসিওরেন্স এ্যাসোসিয়েশনসহ জীবন বীমা ও সাধারণ বীমা কোম্পানী হতে উপযুক্ত সংখ্যক প্রতিনিধি সমন্বয়ে একটি ‘ফোকাস গ্রুপ’ গঠন করা হয়।

০৩। উক্ত ‘ফোকাস গ্রুপ’ কর্তৃক দেশে বিদ্যমান আইনী কাঠামো, বীমা ব্যবসার আকার ও প্রকৃতি, আন্তর্জাতিক মানদণ্ড ও বেস্ট প্র্যাক্টিস বিবেচনায় 'Guidance Notes on AML&CFT for Insurance Companies' এর খসড়া প্রণয়ন করা হয় যা পরবর্তীতে সংশ্লিষ্ট সকল পক্ষের মতামত গ্রহণ ও ‘রিভিউ টাইম’ কর্তৃক পর্যালোচনার পর চূড়ান্ত করা হয়। গাইডেন্স নোটস্ এর সফ্ট কপি সিডি আকারে এতদসংজ্ঞে সকল বীমা কোম্পানী বরাবরে সরবরাহ করা হলো এবং প্রয়োজনে গাইডেন্স নোটসৃষ্টি বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতে ডাউনলোড করা যাবে।

০৪। বীমা কোম্পানীর মাধ্যমে মানিলভারিং ও সন্তাসে অর্থায়নের বুঁকি হ্রাসে বাংলাদেশে কর্মরত বীমা কোম্পানীসমূহকে নিজস্ব ব্যবসার ক্ষেত্রে, আকার ও প্রকৃতি পর্যালোচনা করতঃ আলোচ্য গাইডেন্স নোটস্ এর নির্দেশনা ন্যূনতম মানদণ্ড বিবেচনায় নিজস্ব গাইডেন্স নোটস্ প্রণয়ন করে স্ব-স্ব বোর্ড অব ডিরেক্টর্স কর্তৃক অনুমোদনপূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১১ তারিখের মধ্যে মানি লভারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে দাখিল করতে হবে এবং ৩১ ডিসেম্বর, ২০১১ তারিখের মধ্যে পরিপালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। ইতোমধ্যে বিষয়টি সকল পক্ষকে অবহিত করার পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : গাইডেন্স নোটস্ এর সফ্ট কপির সিডি।

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯